

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৮৭

٩. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)
পরিচ্ছেদঃ যে কারণে এই আমলের নির্দেশ দেওয়া হয়েছে

ذكر العلة التي من أجلها أمر بهذا الفعل

## আরবী

787 ـ أَخْبَرَنَا الصُّوفِيُّ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: أَخْبَرَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم قال: (هل أبي إسْحَاقَ عَنْ فَرْوَةَ بْنِ نَوْفَلٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم قال: (هل لك في ربيبة فَيَكْفُلُهَا [قال: أراها] ربيبٌ [قال علي: هذا من زهير] قَالَ ثُمَّ جَاءَ فَسَأَلَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: تركتُها عِنْدَ أُمِّهَا قَالَ: (فمجيءُ مَا جَاءَ بِكَ؟) قَالَ: جِنْتُ لِتُعَلِّمَني شَيْئًا أَقُولُهُ عِنْدَ مَنَامِي قَالَ: (اقْرَأْ {قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ} [ثُمَّ] نَمْ عَلَى خَاتِمَتِهَا فَإِنَّهَا بَرَاءَةٌ مِن الشرك)

الراوي: نَوْفَل الْأَشْجَعِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 786 ا خلاصة حكم المحدث: صحيح دون قصة الربيبة.

## বাংলা

৭৮৭. নাওফাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেছেন,"(উম্মু সালামার পূর্ব স্বামী আবূ সালামার ঔরশজাত মেয়ে যায়নাব) আমাদের তত্ত্বাবধানে আছে, আপনি কি তার অভিভাবক হিসেবে দায়িত্বভার গ্রহণ করবেন?" রাবী বলেন, তারপর নাওফাল রাদ্বিয়াল্লাহু আনহু আবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসলে তিনি তাকে ( যায়নাব সম্পর্কে) জিজ্ঞেস করেন। জবাবে তিনি বলেন, "আমি তাকে তার দুধ-মায়ের কাছে রেখে এসেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তাহলে কেন এসেছেন?" তিনি বলেন, "আমি এসেছি যাতে আমাকে কিছু শিক্ষা দিবেন, যা আমি ঘুমানোর সময় বলবো।" তুমি পড় قُلُ يَا أَيْهَا الكَافَرُونَ (বলুন, হে কাফেরগণ!) (সূরা আল কাফিরন: ১।) এটাকে শেষে পড়ে ঘুমাবে। কেননা এটি শিরক থেকে মুক্ত ঘোষনা করে।"[1]



## ফুটনোট

[1] আবূ দাউদ: ৫০৫৫; ন্সাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৮০১; আদ দারেমী: ২/৪৫৯; হাকিম: ২/৫৩৮; তিরমিযী: ৩৪০৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে 'সৎ মেয়ে যয়নাবের ঘটনা' ব্যতিত বাকী অংশকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৭৮৬।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ নাওফাল আল আশজা'ঈ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন